FRONTLINE CORPORATION LTD.

Corporate Office :
4th Floor, Shalin Bldg., Nehru Bridge Corner,
Ashram Road, Ahmedabad - 380 009.
Ph.: 26578863/26578201/26579750, Fax: 079-26576619, 26580287
E-mail : frontline1@dataone.in
Website : www.frontlinecorporation.com

CIN No. L63090WB1989PLC099645

**Date: October 31, 2023**

**To,**

| | |
|---|---|
| **The General Manager,**<br>**Dept. of Corporate Services**<br>**BSE Limited**<br><br>**Phiroze Jeejeebhoy Towers,**<br>**Dalal Street,**<br><br>**Mumbai – 400 001,**<br><br>**Script Code-532042** | **The Company Secretary,**<br>**The Calcutta Stock Exchange Association Limited,**<br><br>**7, Lyons Range,**<br><br>**Kolkata – 700 001**<br><br>**Script Code-016057** |

**Sub: Submission of copy of Newspaper Publication dated 31.10.2023 of Intimation of Notice of Board Meeting to consider, approve and take on record the Un-audited Financial Results (Standalone and Consolidated) for the 1st Quarter ended on September 30, 2023**

Dear Sir/ Madam,

Pursuant to Regulation 30 of SEBI (Listing Obligations & Disclosure Requirements) Regulations, 2015, we attach herewith copy of Newspaper Publication dated 07.08.2023 published in Business Standard in English and EKDIN in Bengali vernacular of Notice of Board Meeting to consider, approve and take on record **the Un-audited Financial Results (Standalone and Consolidated) for the half year ended and 2nd Quarter ended on September 30, 2023**

We request you to kindly acknowledge receipt of the same for your information and records.

Thanking you,

**Yours sincerely,**
**For Frontline Corporation Limited**

SURESH KUMAR VERMA
Digitally signed by SURESH KUMAR VERMA
Date: 2023.10.31 12:40:41 +05'30'

**Suresh Kumar Verma**
**Company Secretary**
**FCS 3725**

**Encl: As above**

# ব্যবসায়ীর গাড়ি লক্ষ্য করে গুলি চালানোর অভিযোগ

## অল্পের জন্য প্রাণে বাঁচলেন ব্যক্তি

**নিজস্ব প্রতিবেদন, আসানসোল:** ব্যবসায়ীর গাড়ি লক্ষ্য করে এলোপাথারি গুলির চালানোর অভিযোগ। চাঞ্চল্য ছড়াল শিল্পাঞ্চলজুড়ে। সোমবার প্রকাশ্য দিবালোকে আসানসোলের ১৯ নং জাতীয় সড়কে গুলি চালানোর ঘটনা ঘটল।

জানা গিয়েছে, ব্যবসায়ী দীনেশ গড়াইয়ের গাড়ি লক্ষ্য করে গুলি চালায় মোটরবাইকে আসা একদল দুষ্কৃতী। ব্যবসায়ী অল্পের জন্যে প্রাণে বেঁচে যান। তবে একটি গুলি তাঁর কালো ফরচুনার গাড়িতে লাগে। তাঁকে লক্ষ্য করে দুষ্কৃতীরা কমপক্ষে ৪ রাউন্ড গুলি চালায় বলে ব্যবসায়ীর অভিযোগ। সোমবার দুপুর একটা নাগাদ এই ঘটনা ঘটেছে আসানসোল উত্তর থানার কন্যাপুর ফাঁড়ির অন্তর্গত ১৯ নং জাতীয় সড়কে চন্দ্রচুড় মোড়ের কাছে একটি হোটেলের সামনে। স্বাভাবিক ভাবেই এই ঘটনায় গোটা এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে।

খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ আসে। পুলিশ ঘটনার অভিযোগ পেয়ে তদন্ত শুরু করেছে। যে গাড়িতে দুষ্কৃতীদের ছোড়া গুলি লাগে, সেই গাড়িটি পুলিশ আটক করেছে। সেই গাড়ির ফরেনসিক পরীক্ষা করা হবে বলে জানা গিয়েছে। জমি সংক্রান্ত বিবাদকে কেন্দ্র করে এই গুলি চালানোর ঘটনা ঘটেছে বলে প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে। ঘটনার খবর পেয়ে এলাকায় আসেন আসানসোল পুরনিগমের ২০ নং ওয়ার্ডের কাউন্সিলর তথা আসানসোল উত্তর ব্লক তৃণমুল যুব কংগ্রেসের সভাপতি অর্জুন মাঝি।

তিনি দাবি করেন, কেন এইভাবে গুলি চালানোর ঘটনা ঘটল, তা পুলিশ তদন্ত করে দেখুক। ওই এলাকায় জোর করে জমি দখল করে নেওয়া হচ্ছে। মনে হচ্ছে এই জমি দখল করে নেওয়ার সঙ্গে গুলি চালানোর ঘটনার যোগ রয়েছে। যে হোটেলের সামনে এই গুলি চালানোর ঘটনা ঘটেছে তা সেখানে লাগানো সিসি ক্যামেরায় ধরা পড়েছে। পুলিশ সেই সিসি ক্যামেরার ফুটেজ সংগ্রহ করে দুষ্কৃতীদের শনাক্ত করার চেষ্টা করছে।

জানা গিয়েছে, ব্যবসায়ী দীনেশ গড়াই আসানসোল উত্তর থানার ১৯ নং জাতীয় সড়কের চন্দ্রচূড় মোড়ের কাছে একটি হোটেলে এদিন দুপুরে নিজের গাড়ি নিয়ে খাবার নিতে আসেন। তাঁর সঙ্গে এক সঙ্গীও ছিলেন। খাবার নিয়ে গাড়িতে উঠে ওই ব্যবসায়ী যখন সামনের দিকে যাচ্ছিলেন, তখন তাঁর সামনে বেশ কয়েকটি মোটরবাইক আসে ও পথ আটকায় বলে অভিযোগ। কিন্তু চালক গাড়ি না থামানোয় মোটরবাইকে আসা দুষ্কৃতীরা গাড়ি লক্ষ্য করে গুলি চালায়। এরপরেও চালক গাড়ি না থামিয়ে এগিয়ে চলে যান বলে দাবি।

জানা গিয়েছে, ওই ব্যবসায়ী জমি কেনাবেচার কাজ করেন। কিন্তু তাঁর দাবি, তিনি জমির ব্যবসা করেন না। তাঁর জাতীয় সড়কে টোল ট্যাক্সের ব্যবসা আছে। এই প্রসঙ্গে আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের ডিসিপি (সেন্ট্রাল) কুলদীপ সোনেয়াল জানান, আসানসোল উত্তর থানায় এই ঘটনা নিয়ে একটি অভিযোগ দায়ের করা হয়েছে। তার ভিত্তিতে এফআইআরও করা হয়েছে। গোটা ঘটনা তদন্ত করে দেখা হচ্ছে।

প্রসঙ্গত, চলতি বছরের ১৭ ফেব্রুয়ারি শুট আউটের ঘটনা ঘটে আসানসোল শহরে। ভরসন্ধ্যায় আসানসোল শহরে জিটি রোডের ভগৎ সিং মোড় সংলগ্ন আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের পুলিশ লাইনের অদুরে সেনরেল রোডের হোটেলের লবিতে ঢুকে দুষ্কৃতীরা গুলি করে খুন করে হোটেল মালিক অরবিন্দ ভগৎকে। ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়। এরপর গত ১ এপ্রিল পূর্ব বর্ধমানে জাতীয় সড়কে কয়লা ব্যবসায়ী রাজু ঝাঁকে ভরসন্ধ্যায় গুলি করে খুন করে দুষ্কৃতীরা।

এই ঘটনার মাসখানেকের মধ্যেই আবার আসানসোলের জামুড়িয়া থানার শ্রীপুর ফাঁড়ির ১৯ নম্বর জাতীয় সড়কের চাঁদা মোড়ের অদূরে বোগড়ার কালি মন্দিরের কাছে একটি স্করপিও গাড়ির ভেতর থেকে গুলিবিদ্ধ এক বিজেপি নেতার দেহ উদ্ধার হয়। তিনি আসানসোল পুরসভার ৩৩ নং ওয়ার্ডের বিজেপির কনভেনার ছিলেন। গাড়ির কাছে রাস্তায় পড়েছিল একটি খালি কার্তুজ।

সাম্প্রতিকতম শুট আউটের ঘটনাটি ঘটেছে গত ১১ অক্টোবর আসানসোলের কুলটি থানার চিনাকুড়ি এলাকায়। ইসিএলের ঠিকাদার তথা সুদের কারবারি এলাকার বাসিন্দা শম্ভুনাথ পণ্ডিত বাড়ি বাইরে রাস্তায় একটা চায়ের দোকানের সামনে দাঁড়িয়ে ছিলেন। তখন মোটরবাইকে করে আসা দুষ্কৃতীরা তাঁকে লক্ষ্য করে। ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়।

# হাতির আক্রমণে ক্ষতিপূরণ না পাওয়ার অভিযোগ, অবরোধ

**নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া:** হাতির আক্রমণে ক্ষতিগ্রস্থ বিঘার পর বিঘা জমির ধান, হাতির দলটিকে অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়ার ব্যবস্থা না করা থেকে সরকারি ক্ষতিপূরণ না পাওয়ার অভিযোগ তুলে পথ অবরোধে সামিল হলেন বাঁকুড়ার বেলিয়াতোড় রেঞ্জ এলাকার বৃন্দাবনপুর বিটের বাঁদরকোন্দা গ্রামের মানুষ। সোমবার ওই গ্রামের মানুষ বাঁকুড়া-বর্ধমান ভায়া সোনামুখী-বেলিয়াতোড় রাস্তার ওপর বাঁদরকোন্দা মোড়ে পথ অবরোধ করেন। সপ্তাহের প্রথম কাজের দিনে এই অবরোধের জেরে আটকে পড়েন অসংখ্য যাত্রী ও পণ্যবাহী যানবাহন।



বন দপ্তর সূত্রে খবর, এই মুহূর্তে বড়জোড়া রেঞ্জের পাবয়া মৌজায় ৪টি, সাহারজোড়ায় ১টি, বেলিয়াতোড় রেঞ্জের সরগড়াতে ২৫টি মিলিয়ে মোট ৬৯টি হাতি রয়েছে। অবরোধকারী গ্রামবাসীদের অভিযোগ, গত কয়েক দিন ধরে তাঁদের গ্রামের ধান জমিতে অবাধে হামলা চালাচ্ছে, হাতির হানায় ক্ষতিগ্রস্ত বিঘার পর বিঘা ধান জমি। বন দপ্তরের কাছে অবিলম্বে হাতির দলটিকে অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়ার আবেদন জানানো হলেও, কাজ হয়নি। চাষাবাদ করেই তাঁদের সংসার চলে। এই অবস্থায় দৈনন্দিন সংসার খরচ থেকে ছেলেমেয়েদের পড়াশোনার খরচ কী ভাবে চালাবেন ভেবে পাচ্ছেন না।

ফলে হাতির দলটিকে অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়া ও দ্রুত সরকারি ক্ষতিপূরণের দাবিতে পথ অবরোধে তাঁরা সামিল হয়েছেন বলে জানান। পরে খবর পেয়ে অবরোধ স্থলে যান বন দপ্তরের আধিকারিক ও বেলিয়াতোড় থানার পুলিশ। তবে সেখানে বেলিয়াতোড় রেঞ্জ অফিসার মহিবুল ইসলামকে ঘিরে বিক্ষোভ দেখান স্থানীয় গ্রামবাসীরা। পরে বন দপ্তর ও পুলিশি আশ্বাসে অবরোধ উঠে যায় বলে জানা গিয়েছে।

বিজ্ঞপ্তি

**In the Court of the District Delegate, Paschim Medinipur.**

**Probate Case No. 36/2022**

**শ্রীমতী মৌসুমী সরকার দীং ............দরখাস্তকারিগন।**

এতদ্দারা পশ্চিম মেদিনীপুর জেলার কোতয়ালী থানার অন্তর্গত সেখপুরা মৌজার অধিবাসী সর্বসাধারনকে অবগত করানো যাইতেছে যে, উক্ত সাকিনে মীরা মজুমদার স্বামী - সদানন্দ মজুমদার স্থায়ী বাসিন্দা ছিলেন। তিনি গত ইং- ২০/০৬/২০০২ তারিখে পরলোক গমন করিয়াছেন। উক্ত মীরা মজুমদার জীবিতা অবস্থায় সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত গত ইং ২১.০৬.১৯৯৯ তারিখের উইল মূলে প্রবেট গ্রহনের জন্য উপরোক্ত দরখাস্তকারীগন অত্র আদালতে উপরোক্ত মোকর্দ্দমা দায়ের করিয়াছেন এবং উক্ত মোকর্দ্দমার পরবর্ত্তী দিন আগামী ইং 06/12/23 তারিখে ধার্য্য রহিয়াছে। এতদ্ বিষয়ে কাহার ও কোন আপত্তি থাকিলে উক্ত ইং- 06/12/2023 তারিখের মধ্যে বা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে স্বয়ং কিংবা কোন ভারপ্রাপ্ত উকিল বাবুর মাধ্যমে হাজির হইয়া কারন দর্শাইবেন। অন্যথায় অত্র মোকর্দ্দমা আইনানুযায়ী নিষ্পত্তি হইবে।

**(ক) তপশীল সম্পত্তির বিবরণ** ঃ- জেলা - পশ্চিম মেদিনীপুর, থানা- কোতয়ালী, মৌজা- সেখপুরা, জে. এল.নং- ১৭২, সি. এস খতিয়ান নং- ৭., পুরাতন খতিয়ান নং- ৫/১, ৫/৩, ৫/৫, ৫/৬, ৬/২, ৬/৩, ৬/৫ এবং হাল খতিয়ান নম্বর- ৬/৬ । সি. এস ১৭১ দাগে ৮কাঠা বা ৫৭৬০ বর্গফুট জমি মায় তদস্থিতপোক্তা স্ব-সাজ দ্বিতল পোক্তা গৃহ।

অনুমত্যানুসারে, 19.10.2023

Tapas Ranjan Chakraborty সেরেস্তাদার
ডিষ্ট্রিক্ট ডেলিগেট আদালত,পশ্চিম মেদিনীপুর

**SBI** স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (০১৩৫৯)
এসবিআই রামরাজাতলা শাখা
রাম চরণ শীট রোড, রামরাজাতলা,
হাওড়া: ৭১১১০৪, ই-মেল: sbi.01359@sbi.co.in

**সোনার অলঙ্কার নিলাম বিজ্ঞপ্তি**

কিছু ব্যক্তি/ব্যক্তিগণ যারা **এসবিআই রামরাজাতলা শাখা** থেকে সোনার অলঙ্কার বন্ধক রেখে সোনার ঋণ নিয়েছিলেন, তারা সময়সূচী অনুযায়ী শোধ করতে ব্যর্থ হয়েছেন। যাদের সম্পত্তি নোটিশ/বিজ্ঞপ্তিতে সাড়া দেয়নি বা এই পরিস্থিতিতে নোটিশটি অবিলম্বে ফেরত দেওয়া হয়েছে, তাই উপযুক্ত কর্তৃপক্ষের দ্বারা সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে যদি সোনার ঋণ(গুলি) নিলামের দিন এর আগের দিন **বিকাল ৪টার** আগে ঋণ পরিশোধ করা না হয়, বন্ধক রাখা অলঙ্কারগুলি পরবর্তী বিজ্ঞপ্তি ছাড়াই শাখা প্রেমিসেসে/গোল্ড হাব-এ উল্লিখিত সময় এবং তারিখে প্রকাশ্যে নিলাম করা হবে। এই সংযোগে ব্যয় হওয়া সমস্ত খরচ ঋণগ্রহীতাদের দ্বারা বহন করা হবে। ব্যাঙ্ক যে কোন সময় নিলাম স্থগিত/প্রত্যাহার করার এবং মাঝখানে নিলাম বন্ধ করার অধিকার সংরক্ষণ করে। সফল দরদাতা সম্পূর্ণ পরিমাণ অর্থ প্রদান করে অলঙ্কার দখল পেতে পারেন।

**ঋণগ্রহীতা : মৌসুমি দত্ত**

| ক্র. নং. | নিলামের তারিখ | নিলামের প্রস্তাবিত সময় | বিশুদ্ধতা (ক্যারট) | সোনার অলঙ্কারের ওজন (গ্রামে) | আইটেম সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১. | ০৩.১১.২০২৩ | বিকেল ০৩.০০টা থেকে বিকেল ০৪.০০টা | ১৮ সি | মোট ওজন ৩৫.৪৩০ গ্রাম নিট ওজন ৩০.০০০ গ্রাম | ২টি চুড়ি |
| ২. | ০৩.১১.২০২৩ | বিকেল ০৩.০০টা থেকে বিকেল ০৪.০০টা | ১৮ সি | মোট ওজন ১২.০৭০ গ্রাম নিট ওজন ১১.০০০ গ্রাম | ১টি নেকলেস |
| ৩. | ০৩.১১.২০২৩ | বিকেল ০৩.০০টা থেকে বিকেল ০৪.০০টা | ১৮ সি | মোট ওজন ১১.৬৮০ গ্রাম নিট ওজন ১০.০০০ গ্রাম | ২টি কানের দুল (টপ) |
| ৪. | ০৩.১১.২০২৩ | বিকেল ০৩.০০টা থেকে বিকেল ০৪.০০টা | ১৮ সি | মোট ওজন ১০.২২০ গ্রাম নিট ওজন ৯.০০০ গ্রাম | ২টি কানের দুল ঝুমকা |

স্থান: হাওড়া, রামরাজাতলা, তারিখ: ৩১/১০/২০২৩ | অনুমোদিত অফিসার, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

**ফ্রন্টলাইন কর্পোরেশন লিমিটেড**

রেজিস্টার্ড অফিস: ৪, বি.বি.ডি. বাগ (পূর্ব), স্টিফেন হাউজ, কক্ষ নং ৫, ২য় তল, কলকাতা-৭০০০০১
ফোন: (০৩৩) ২২৩০১১৫৩, ২২৩০৬৮২৫
কর্পোরেট অফিস: ৫ম তল শালিন বিল্ডিং, নেহরু ব্রিজ কর্নার, আশ্রম রোড,
আমেদাবাদ - ৩৮০ ০০৯, ফোন: ২৬৫৭ ৮৮৬৩, ২৬৫৭ ৮২০১/ ২৬৫৭ ৯৭৫০
ফ্যাক্স: ০৭৯-২৬৫৭৬৬১৯, ২৬৫৮০২৮৭ ই-মেল : frontlinecorplimited@gmail.com
ওয়েবসাইট:www.frontlinecorporation.org CIN NO : L63090WB1989PLC099645

**নোটিশ**

এতদ্দারা ২০১৫ সালের সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশন অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনসের রেগুলেশন ২৯ অধীনে বিজ্ঞপ্তি দেওয়া হল যে, কোম্পানির পরিচালন পর্ষদের একটি সভা বৃহস্পতিবার, ৯ নভেম্বর, ২০২৩ নিম্নোক্ত অন্যান্য বিষয়ের সঙ্গে সম্পাদনের জন্য অনুষ্ঠিত হবে,

১) ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে সমাপ্ত ছয় মাসের এবং ২য় তিনমাসের অনিরীক্ষিত স্ট্যান্ডালোন আর্থিক ফলাফল বিবেচনা এবং অনুমোদন।
২) ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে সমাপ্ত ছয় মাস এবং ২য় তিনমাসের সংবিধিবদ্ধ নিরীক্ষকের সীমিত পর্যালোচনা।
৩) অন্য কোন বিষয়ে চেয়ারম্যানের অনুমতি সাপেক্ষে।

ট্রেডিং উইন্ডো বন্ধ

কোম্পানির শেয়ারসমূহ ডিরেক্টর, প্রমোটার, ডেজিগনেটেড পার্সন এবং ডিরেক্টরগণের ঘনিষ্ঠ ব্যক্তিগণ, প্রমোটার, ডেজিগনেটেড পার্সন, এবং তাদের ঘনিষ্ঠগণ কর্তৃক শেয়ার লেনদেনের উইন্ডো ১ অক্টোবর ২০২৩ থেকে অনিরীক্ষিত স্ট্যান্ডালোন অর্থিক ফলাফল ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ সমাপ্ত ২য় তিন মাসের ঘোষণার পরবর্তী ৪৮ ঘণ্টা বন্ধ থাকবে।

ট্রেডিং উইন্ডো বন্ধের তথ্য স্টক এক্সচেঞ্জ(গুলিতে) ২৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখে জানানো হয়েছে।

ফ্রন্টলাইন কর্পোরেশন লিমিটেড-এর পক্ষে
সুরেশ কুমার বর্মা
কোম্পানি সেক্রেটারি

তারিখ: ৩০.১০.২০২৩
স্থান: আমেদাবাদ



সিউড়ি দুই নম্বর ব্লকের পুরন্দরপুরে আদিরা পাড়া বিধান স্মৃতি সংঘের লক্ষ্মীপুজো এবার ৩৬ তম বর্ষে পদার্পণ করল। এবার থিম লক্ষ্মীর ভাণ্ডার। ২৫ ফুটের লক্ষ্মী প্রতিমা দেখতে এদিন দর্শনার্থীদের ভিড় উপচে পড়ে। লক্ষ্মীপুজো উপলক্ষ্যে পাঁচ দিনব্যাপী একটি সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়, বসেছে মেলাও।

# আরামবাগের মলয়পুর পঞ্চায়েতে টেন্ডার দুর্নীতির অভিযোগ তুলে ডেপুটেশন বিজেপির

**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** টেন্ডার দুর্নীতির অভিযোগ তুলে পঞ্চায়েতে ডেপুটেশন দিল বিজেপি। ঘটনাটি ঘটেছে আরামবাগ ব্লকের মলয়পুর এক নম্বর পঞ্চায়েতে। পাশাপাশি গ্রাম পঞ্চায়েতের টেন্ডারে দুর্নীতির অভিযোগ তুলে পঞ্চায়েত সদস্যরাও বিক্ষোভ কর্মসূচিতে সামিল হয়। এদিন বিক্ষোভকারীদের মূলত দাবি ছিল, স্বচ্ছভাবে টেন্ডার করতে হবে। পঞ্চায়েতের সমস্ত সদস্যদের সঙ্গে আলোচনা করে তবেই টেন্ডার করতে হবে। অভিযোগ শাসক দল তৃণমূল কংগ্রেসের প্রধান তা না করে নিজের ইচ্ছামতো টেন্ডার করছেন। পঞ্চায়েতে সদস্যদের সঙ্গে আলোচনা করা হচ্ছে না। সেই অভিযোগ উড়ে দিয়েছেন পঞ্চায়েত প্রধান। উল্লেখ্য এই গ্রাম পঞ্চায়েতে মোট ১৭টি আসন। তার মধ্যে তৃণমূল ৯টি ও বিজেপি ৮টি আসনে জয়যুক্ত হয়।



এই গ্রাম পঞ্চায়েতের বিজেপির জয়ী পঞ্চায়েত সদস্যদের অভিযোগ, গ্রাম পঞ্চায়েতের তৃণমূলের প্রধান রাজীব সাঁতরা তাঁদের সঙ্গে কোনও কিছু আলোচনা ছাড়াই এই টেন্ডার বিজ্ঞপ্তি জারি করেছেন। তারই প্রতিবাদে এদিন তাঁরা পঞ্চায়েত কার্যালয়ের সামনে বিক্ষোভ প্রদর্শন করেন। পাশাপাশি গ্রাম পঞ্চায়েতের সচিবকে ঘিরেও বিক্ষোভ দেখানো হয়। অপরদিকে মলয়পুর-১ নম্বর গ্রাম পঞ্চায়েতের প্রধান রাজীব সাঁতরার সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, তার বিরুদ্ধে ওঠা অভিযোগ ভিত্তিহীন। আইন মেনে পঞ্চায়েত সদস্যেদের সঙ্গে আলোচনা করে রেজুলেশন করে টেন্ডার ডাকা হয়েছে।

# আইসিডিএস কেন্দ্রের খাবারে টিকটিকি উদ্ধারের অভিযোগ

**নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া:** আইসিডিএস কেন্দ্রের খাবারে টিকটিকি উদ্ধারের অভিযোগ। আতঙ্ক ছড়াল বাঁকুড়ার ছাতনা ব্লকের বাঁদরডিহা আইসিডিএস কেন্দ্রের অভিভাবক থেকে শুরু করে শিশুদের মধ্যে।

পুজোর ছুটির পর সোমবার থেকেই আইসিডিএস কেন্দ্রগুলিতে রান্না ও পঠনপাঠন শুরু হয়। এদিন এই কেন্দ্রের রান্না করা খিচুড়ি বাড়ি নিয়ে যান শিশু ও অভিভাবকরা।



অভিযোগ, এক উপভোক্তার নজরে আসে খিচুড়ির মধ্যে টিকটিকি। নজরে আসতেই খবর চাউর হয়ে যায়। গ্রামবাসীদের দাবি, অনেক শিশু ও মায়েরা এই খাবার খেয়েও নেন। আবার অনেকেই খবর পেয়ে সেই খাবার আর খাননি। এদিকে খাবার খেয়ে বেশ কিছু শিশুর বমি শুরু হয়।

জানা গিয়েছে, ঘটনায় ১২ জন শিশুকে নিয়ে আসা হয়েছে ছাতনা সুপার স্পেশালিটি হাসপাতালে। এলাকার মানুষ ও অভিভাবকদের অভিযোগ, পুজোর ছুটির পর আইসিডিএস সেন্টার ও রান্নাঘর পরিষ্কার না করেই রান্না করেন কর্মীরা। আর পরিষ্কার না থাকার কারণেই খাবারে টিকটিকি পড়ার ঘটনা ঘটে। ঘটনায় আইসিডিএস কর্মীর দিকে অভিযোগের আঙুল তুলেছেন তাঁরা। এই সেন্টারের আইসিডিএস কর্মীর বিরুদ্ধে বিভিন্ন অভিযোগও সামনে আনলেন অভিভাবক ও স্থানীয় মানুষজন। যদিও আইসিডিএস কর্মী ঘটনা নিয়ে মুখ খোলেননি।

# বাইক আরোহী মুদি দোকানের দরজা ভেঙে ঢোকায় মৃত ২

**নিজস্ব প্রতিবেদন, বর্ধমান:** মোটর সাইকেলের নিয়ন্ত্রণ রাখতে না পেরে রাস্তার ধারে একটি মুদিখানা দোকানের টিনের দরজা ভেঙে ভিতরে ঢুকে গেলেন দুই বাইক আরোহী। তড়িঘড়ি দুই বাইক আরোহীকে আরামবাগ হাসপাতালে উদ্ধার ভর্তি করা হলে, সেখানেই সোমবার মৃত্যু হয় ওই দু'জনের। তাঁরা মদ্যপ অবস্থায় ছিলেন বলে দাবি স্থানীয়দের। রবিবার রাত ১১টা নাগাদ ভয়াবহ দুর্ঘটনাটি ঘটেছে মাধবডিহি থানার উচালন দীঘিরকোন এলাকায়।

দুর্ঘটনার পর স্থানীয় মানুষ ও মাধবডিহি থানার পুলিশ জখম দুই বাইক আরোহীকে উদ্ধার করে আরামবাগ হাসপাতালে পাঠান। মৃত দুই যুবকের নাম তুষার রায় (২৩), বাড়ি একলক্ষ্মীর সাঁকো এলাকায়। অপরজনের নাম সুভাষ পণ্ডিত (২২), বাড়ি বাঁকুড়ার ইন্দাস থানার বামনিয়া দক্ষিণপাড়া এলাকায়। এলাকাবাসী তরুণ দত্ত জানিয়েছেন, রবিবার রাত প্রায় ১১টা নাগাদ বামনিয়ার দিক থেকে একটি মোটর সাইকেলে দু'জন প্রচণ্ড গতিতে এসে উচালন দীঘিরকোন মোড়ে একটি বন্ধ মুদিখানা দোকানের ভিতরে দরজা ভেঙে ঢুকে যান। দোকানের সিমেন্টের পিলার পর্যন্ত ভেঙে যায় ধাক্কার জোরে। আওয়াজ শুনে আশপাশের লোকজন ছুটে আসেন। মদ্যপ অবস্থায় নিয়ন্ত্রণ হারিয়েই এই দুর্ঘটনা ঘটেছে বলে দাবি তাঁর।

# তৃণমূল কর্মীর দেহ ও সুইসাইড নোট উদ্ধারের ঘটনায় গ্রেপ্তার ৩

**নিজস্ব প্রতিবেদন, মগরা:** মৃত তৃণমূল কর্মী অভিজিৎ অধিকারীর বাড়িতে উদ্ধার হওয়া সুইসাইড নোটে লেখা চার অভিযুক্তের মধ্যে গ্রেপ্তার অভিযুক্ত তিন তৃণমূল কর্মী। পুলিশ সূত্রে খবর, তিন অভিযুক্তের নাম প্রবীর অধিকারী, বিশ্বজিৎ অধিকারী ওরফে পুচকে ও তাপস অধিকারী। রবিবার রাত্রিবেলা তাঁদের গ্রেপ্তার করে পুলিশ। সোমবার তিনজনকে চুঁচুড়া আদালতে পেশ করা হয়। তবে অভিযুক্ত বুদ্ধদেব বাগ এখনও পলাতক। যদিও, তাপস অধিকারীর দাবি, তাঁকে ষড়যন্ত্র করে ফাঁসানো হচ্ছে। তিনি সবসময় মানুষের সঙ্গে থাকেন। কোনও ভাবেই এই ঘটনার সঙ্গে জড়িত নন।

প্রসঙ্গত, নবমীর রাত্রিবেলা স্থানীয় একটি পুজো মণ্ডপে গিয়েছিলেন তৃণমূল কর্মী অভিজিৎ অধিকারী। মগরা-২ গ্রাম পঞ্চায়েতের গজঘণ্টা এলাকার বাসিন্দা ছিলেন তিনি। সেই সময় আচমকা তাঁর ওপর হামলা চালানোর অভিযোগ ওঠে। তাপস অধিকারী ওরফে ভুটানের নেতৃত্বে অভিজিতকে মারধর ও হেনস্থা করেন প্রবীর অধিকারী,



বিশ্বজিৎ অধিকারী ওরফে পুচকে ও বুদ্ধদেব বাগ। সেই অপমান সহ্য করতে না পেরে আত্মহত্যা করেন তিনি। সুইসাইড নোট লিখে রেখে যান। ইমামবাড়া হাসপাতালে দেহ ময়নাতদন্তের পর রবিবার রাতে গজঘণ্টায় দেহ রেখে বিক্ষোভ শুরু করেন মৃতের পরিজন ও এলাকাবাসী।

# ঠাকুরনগর স্টেশনের প্ল্যাটফর্ম তৈরি ও সম্প্রসারণের শিলান্যাস

**নিজস্ব প্রতিবেদন, ঠাকুরনগর:** শিয়ালদা-বনগাঁ শাখার ঠাকুরনগর স্টেশনের তিন নম্বর প্ল্যাটফর্ম তৈরির শিলান্যাস ও এক ও দুই নম্বর প্ল্যাটফর্মের সম্প্রসারণের কাজের শিলান্যাস কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুরের। এই উপলক্ষে ঠাকুরনগরে স্টেশনে এক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় জাহাজ, বন্দর ও জলপথ মন্ত্রকের প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর,শিয়ালদার ডিআরএম দীপক নিগম সহ রেলের আধিকারিকরা।

রেলের তরফে জানানো হয়েছে, নতুন প্ল্যাটফর্ম ৬০০ মিটার দৈর্ঘ্যের হবে। আগের দুটো প্ল্যাটফর্মও সম্প্রসারণ করে ৬০০ মিটার করা হবে, যাতে ২৪ কোচের ট্রেন ঠাকুরনগর স্টেশনের প্ল্যাটফর্মে দাঁড়াতে পারে, সেই লক্ষ্য নেওয়া হচ্ছে। নতুন ট্রেন চালু করা যেতে পারে। প্ল্যাটফর্মে শেল্টার,যাত্রীদের বসার জায়গা, ওয়াটার বুথ করা হবে। ১ নম্বর প্ল্যাটফর্ম থেকে ২ ও ৩ নম্বর প্ল্যাটফর্মে যাত্রীদের যাতায়াতের জন্য একটি ফুট ওভার ব্রিজ তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়া এক নম্বর প্ল্যাটফর্মের একটি ভিআইপি লঞ্জ গড়ে তোলা হবে। গোটা প্রকল্পের খরচ হবে ২৯ কোটি ৮০ লক্ষ টাকা। শিয়ালদার ডিআরএম দীপক নিগম জানান, এই প্রকল্প রূপায়ণ হলে ঠাকুরনগর এলাকার অর্থনীতির উন্নতি হবে।

**SBI** এসবিআই, আরএসিপিসি বেহালা ব্রাঞ্চ (১৭৮৯৯)
৩এ/৪৪এক্স, ৪র্থ তল, জীবন তারা বিল্ডিং, ডি. এইচ. রোড,
তারাতলা, কোল - ৭০০০৫৩, ই-মেল : sbi.17899@sbi.co.in

**২০০২ সালের সারফেসি আইনের ১৩(২) ধারা অধীনে নোটিশ**

এতদ্বারা নিম্নোক্ত ঋণগ্রহীতার অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে ব্যাঙ্ক থেকে গৃহীত ঋণ সুবিধার মূল এবং সুদ আদায়দানে ব্যর্থ হওয়ায় তাঁর ঋণ অ্যাকাউন্ট নন পারফর্মিং অ্যাসেটস (এনপিএ) শ্রেণিভুক্ত হয়েছে। উক্ত নোটিশ ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস এন্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(২) ধারা অধীনে ইস্যু করা হয়েছে এবং সর্বশেষ জ্ঞাত ঠিকানাগুলিতে প্রেরণ করা হয়েছিল, কিন্তু তা অবণ্টিত অবস্থায় ফিরে এসেছে ফলে এই নোটিশ মারফত অবগত করা হচ্ছে।

| ক্রম নং | ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণের নাম এবং ঠিকানা এবং শাখার নাম | স্বত্ব দলিল দ্বারা বন্ধকদত্ত সম্পত্তির বিবরণ | নোটিশের তারিখ এনপিএ তারিখ | বকেয়া পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | শ্রী বিশ্বজিৎ ঘোষ পিতা প্রয়াত যতীন্দ্রনাথ ঘোষ সন্ধ্যালয়া অ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট নং ৩বি, ৪র্থ তল, হোল্ডিং নং সি২-২০/৮০, কুমার পাড়া রোড, থানা - মহেশতলা, জেলা - দক্ষিণ ২৪ পরগনা, পিন - ৭০০১৪১ গ্রাম এবং পো. সুভাষগঞ্জ, থানা - রায়গঞ্জ, জেলা - উত্তর দিনাজপুর, পিন - ৭৩৩১৩৪ **আরও :** গ্রাম - নসরতপুর, কাটাবাড়ি, সাতঘরা, পো. সুভাষগঞ্জ, থানা - রায়গঞ্জ, জেলা - উত্তর দিনাজপুর, পিন - ৭৩৩১৩৪ | শিডিউল 'সি' অংশ - ১ : দায়বদ্ধতার প্রকৃতি : সমপরিমাণ বন্ধকদত্ত অংশ -২ **স্বত্ব দলিল দাখিল মারফত বন্ধকদত্ত সম্পত্তির বিবরণ** দলিল নং -১-৭০০৯/২০১৭, মালিক : শ্রী বিশ্বজিৎ ঘোষ সংশ্লিষ্ট সকল অংশ একটি স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাট নং ৩বি, ৪র্থতলে, (দক্ষিণ-পশ্চিম দিকে), পরিমাণ কমবেশি ৫৫০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া , ২ (দুই) বেড রুম, ১(এক) কিচেন তথা ডাইনিং স্পেস, ১ (এক) টয়লেট, অবস্থিত মৌজা- মহেশতলা, জেএল নং ৫, আরএস দাগ নং ৬৩, তৌজি নং ৬৬, সাবেক দাগ নং ১৪২৩/১৬৭৪, এলআর খতিয়াননং ৩৬৯৪, থানা -মহেশতলা, মহেশতলা, পুরসভা হোল্ডিং নং -সি২-২০/৮০, কুমার পাড়া রোড, ওয়ার্ড নং ২২ অধীন, কলকাতা- ৭০০১৪১, দক্ষিণ ২৪ পরগনা, নিম্নোক্ত মতে চৌহদ্দি : **উত্তরে :** অজিত ভট্টাচার্যর জমি, **দক্ষিণে :** অধ্যাপক দেবল রায় এর দাগ নং ১৬৭৪ জমি, **পূর্বে :** শৈলেন ঘড়ুইয়ের জমি, **পশ্চিমে :** ১২ ফুট চওড়া সাধারণের চলার পথ সমন্বিত। | ১৩(২) ধারা অধীনে নোটিশের তারিখ ১৮.০৯.২০২৩ এনপিএ তারিখ ১৬.০৯.২০২৩ | হাউস বিল্ডিং টার্ম লোন : এ/সি নং : ৩৭০৫০৬৪৫৮৯৯ এবং সুরক্ষা লোন এ/সি নং : ৩৭০৫০৬৫১৩৩৬ (৭,৭৮,৩৫৮ টাকা (সাত লাখ আটাত্তর হাজার তিনশো আটান্ন টাকা) ১৮.০৯.২০২৩ অনুযায়ী। আপনারা সংশ্লিষ্ট পরিমাণের সহিত পরবর্তী সুদ চুক্তির হারে তাৎক্ষণিক ব্যয়, মূল্য, চার্জ আদায় ইত্যাদি দিতে দায়বদ্ধ। |
| ২. | ইরফান খান এবং আফরিন নাজ ৬/সি/এইচ/৫ কনভেন্ট লেন পো. এবং থানা - ট্যাংরা, কলকাতা - ৭০০০১৫ **এবং** প্রেমিসেস নং ২০ সোনামুখী রোড, ভুত নাথ অ্যাপার্টমেন্ট ৩য় তল, থানা - ঠাকুরপুকুর, কলকাতা - ৭০০০৬১ **আরও :** বি/৫/এইচ/৬ মতিঝিল লেন, হাজরা মসজিদের নিকট, এন্টালি, কলকাতা - ৭০০০১৫ | শিডিউল 'সি' অংশ - ১ : দায়বদ্ধতার প্রকৃতি : সমপরিমাণ বন্ধকদত্ত অংশ -২ **স্বত্ব দলিল দাখিল মারফত বন্ধকদত্ত সম্পত্তির বিবরণ** নথিভুক্ত বুক নং ১, সিডি ভলুম নং ১৬০৪-২০২২ পৃষ্ঠা ২৫৭২২০ থেকে ২৫৭২৫২ দলিল নং ১৬০৪০৮১৬৪- ২০২২ সালের জেলা সাব-রেজিস্ট্রার -২ অফিস, ডিএসআর-৪, দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ অধীনে সম্পাদিত। প্রথম শিডিউল উল্লেখ্য উক্ত সম্পত্তি সম্পর্কিত সংশ্লিষ্ট সকল অংশ স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাট ৩য়তলে,সামনের অংশে পরিমাণ কমবেশি ৭০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া লিফট সুবিধা ব্যতীত, ২ বেড রুম, ১ ডাইনিং, খোলা কিচেন, ২ টয়লেট, জি-৩ তলা ভবনে নির্মিত শিডিউল 'এ' উল্লিখিত সম্পত্তিতে অবস্থিত পুরসভা প্রেমিসেস নং ২০, সোনামুখী রোড, কলকাতা- ৭০০০৬১, কেএমসি ওয়ার্ড নং ১২৭, থানা- ঠাকুরপুকুর, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, চৌহদ্দি : **উত্তরে :** খোলা জায়গা/ শ্রী শাউ এর ভবন, **দক্ষিণে :** অন্যান্যের ফ্ল্যাট/শ্রী শশী নস্করের পুকুর, **পূর্বে :** সিঁড়ি, অন্যান্যের ফ্ল্যাট/নিতাই মাইতির ভবন, **পশ্চিমে :** খোলা জায়গা/সোনামুখী রোড সমন্বিত। | ১৩(২) ধারা অধীনে নোটিশের তারিখ ১২.১০.২০২৩ এনপিএ তারিখ ০৯.১০.২০২৩ | হাউস বিল্ডিং টার্ম লোন : এ/সি নং : ৪১১৩৪১২৫৩১০ এবং সুরক্ষা লোন এ/সি নং : ৪১১৩৪০৮৩৬১৬ (১৭,৭৭,৬১৪ টাকা (সতের লাখ সাতাত্তর হাজার ছশো চোদ্দ টাকা) ১২.১০.২০২৩ অনুযায়ী। আপনারা সংশ্লিষ্ট পরিমাণের সহিত পরবর্তী সুদ চুক্তির হারে তাৎক্ষণিক ব্যয়, মূল্য, চার্জ আদায় ইত্যাদি দিতে দায়বদ্ধ। |

নোটিশের বিকল্প পরিযেবা হিসেবে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উক্ত ঋণগ্রহীতাকে সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায়দানের জন্য নির্দেশ দেওয়া হচ্ছে, ব্যর্থ হলে সংশ্লিষ্ট ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩ ধারার উপধারা (৪) অধীনে এই নোটিশের ৬০ দিনের পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে।

তারিখ : ৩১.১০.২০২৩
স্থান - বেহালা, কলকাতা

অনুমোদিত অফিসার
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

इंडियन बैंक Indian Bank
इलाहाबाद ALLAHABAD

**ইন্ডিয়ান ব্যাঙ্ক**
**জোনাল অফিস চুঁচুড়া**
৩য় তল, সেনকো বিল্ডিং, বালি মোড়, ব্যান্ডেল পোস্ট এবং জেলা হুগলি
পিন - ৭১২১০৩, ফোন - (০৩৩) ২৬৮০ ২৯৯০, ই-মেল : zochinsurah@indianbank.co.in

**পরিশিষ্ট - IV-A" [রুল ৮(৬) সংস্থান দ্রষ্টব্য] স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**

**স্থাবর সম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় নোটিশ ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন এবং তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(৬) সংস্থান অধীনে।**

এতদ্বারা সাধারণের প্রতি এবং ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদাতা(গণ) এর প্রতি বিশেষভাবে বিজ্ঞপিত হচ্ছে নিম্নোক্ত নির্ধারিত জামিনদাতার অধীনে বন্ধকদত্ত/দায়বদ্ধ স্থাবর সম্পত্তি যা ইন্ডিয়ান ব্যাঙ্ক, নির্ধারিত জামিন অধীন ঋণদাতার অনুমোদিত অফিসার কর্তৃক প্রতীকী/স্বত্ব দখলীকৃত, বিক্রয় করা হবে **'যেখানে যেমন আছে', 'যেখানে যা আছে', এবং 'যেমন অবস্থায় আছে' ভিত্তিতে ১৪.১২.২০২৩ তারিখে বেলা ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে** ইন্ডিয়ান ব্যাঙ্ক, সংশ্লিষ্ট অ্যাকাউন্ট অধীনে জামিন অধীনে ঋণদাতার সমুদয় বকেয়া পরিমাণ আদায়ের জন্য।

| ক্রম নং | ঋণগ্রহীতা/শাখার নাম | স্থাবর সম্পত্তির বিস্তারিত | ক) দখলের ধরন খ) সম্পত্তির দায়বদ্ধতা গ) সংরক্ষিত মূল্য ঘ) ইএমডি পরিমাণ ঙ) ডাক বর্ধিতকরণ পরিমাণ চ) সম্পত্তির আইডি ছ) বকেয়া পরিমাণ |
|---|---|---|---|
| ১. | শ্রী আদ্যানাথ ঘোষ শাখা : আটঘরা | সংশ্লিষ্ট সকল অংশ জমি এবং ভবন পরিমাণ ৮.৫০ শতক কমবেশি অবস্থিত মৌজা- গৌরাঙ্গপুর, জেএল নং ১০০, এলআর খতিয়ান নং ১৭, এলআর দাগ নং ১২৯, রামমোহন ১ গ্রাম পঞ্চায়েত অধীন, থানা-খানাকুল, জেলা-হুগলি, রেজিস্ট্রিকৃত এডিএসআর খানাকুল, উল্লেখ্য দলিল নং ২৮৬৮-২০১১ সালের তারিখ ১৩.০৭.২০১১, বুক নং ১, সিডি ভলুম নং ৮, পৃষ্ঠা ৪৪৮৪ থেকে ৪৫০০ অনুযায়ী আদ্যনাথ ঘোষের নামে সমুদয় সম্পত্তি। **সম্পত্তির চৌহদ্দি : উত্তরে :** জয়দেব নাগের সম্পত্তি, **দক্ষিণে :** মণিমোহন ঘোষের সম্পত্তি, **পূর্বে :** মাধবীলতা ঘোষের সম্পত্তি, **পশ্চিমে :** ৬ ফুট চওড়া সাধারণ চলার পথ সমন্বিত। | ক) প্রতীকী খ) না গ) ৮,০০,০০০ টাকা ঘ) ৮০,০০০ টাকা ঙ) ১০,০০০ টাকা চ) IDIB50378654430 ছ) ৮,২৪,২৫৯.০০ টাকা |
| ২. | মেসার্স অনিষা হার্বাল ইন্ডিয়া শাখা : পান্ডুয়া | সংশ্লিষ্ট সকল অংশ জমি এবং ভবন পরিমাণ ২ শতক কমবেশি অবস্থিত মৌজা- পান্ডুয়া, জেএল নং ১০৮, এলআর খতিয়ান নং ১১৬০৭, এলআর দাগ নং ৪১১৭, পান্ডুয়া গ্রাম পঞ্চায়েত অধীন, থানা- পান্ডুয়া,জেলা -হুগলি, রেজিস্ট্রিকৃত এডিএসআর পান্ডুয়া, উল্লেখ্য দলিল নং ০৬১৬০২৯৮৯-২০১৮ তারিখ ২০.১২.২০১৮, বুক নং ১, ভলুম নং ০৬১৬-২০১৮, পৃষ্ঠা ৫৩৪০৬ থেকে ৫৩৪২৬, অনুযায়ী রুকসানা বিবির নামে সমুদয় সম্পত্তি। **সম্পত্তির চৌহদ্দি : উত্তরে :** মহ আলি হোসেন এর সম্পত্তি, **দক্ষিণে :** কংক্রিট রোড, **পূর্বে :** শেখ মঞ্জিলের সম্পত্তি, **পশ্চিমে :** কংক্রিট রোড সমন্বিত। | ক) প্রতীকী খ) না গ) ১৪,৪৯,০০০ টাকা ঘ) ১,৪৪,৯০০ টাকা ঙ) ২০,০০০ টাকা চ) IDIB50506180430 ছ) ১১,৯৪,৩২২.০০ টাকা |
| ৩. | শ্রী অভিজিৎ বাগুই শাখা : বারুইপাড়া | সংশ্লিষ্ট সকল অংশ জমি এবং ভবন পরিমাণ ৭ ডেসিমেল কমবেশি অবস্থিত মৌজা-মাধবপুর, জেএল নং ৭৪, হাল এলআর খতিয়ান নং ৪৬৪/১, সাবেক দাগ নং ১২৩৬, হাল দাগ নং ১৩১৭, বাকসা গ্রাম পঞ্চায়েত অধীন, থানা- চণ্ডীতলা, জেলা- হুগলি, রেজিস্ট্রিকৃত উল্লেখ্য দলিল নং ৬৩৫১-২০১১ সালের, বুক নং ১, সিডি ভলুম নং ১৭, পৃষ্ঠা ১৬০৫ থেকে ১৬১৪, এডিএসআর জনাই, অনুযায়ী অভিজিৎ বাগুইয়ের নামে সমুদয় সম্পত্তি। **সম্পত্তির চৌহদ্দি : উত্তরে :** সৃষ্টি ধর বাগুই এর সম্পত্তি, **দক্ষিণে :** অজিত বাগুই এর সম্পত্তি, **পূর্বে :** সাধারণ চলার পথ, **পশ্চিমে :** পূর্ণ ঘোষের সম্পত্তি সমন্বিত। | ক) প্রতীকী খ) না গ) ১৬,২৩,০০০ টাকা ঘ) ১,৬২,৩০০ টাকা ঙ) ২০,০০০ টাকা চ) IDIB6850297668 ছ) ১৩,৮৭,৪৬০.০০ টাকা |
| ৪. | মেসার্স সন্তোষীমাতা ইলেক্ট্রনিকস শাখা : তারকেশ্বর | সংশ্লিষ্ট সকল অংশ জমি এবং ভবন পরিমাণ ১ শতক কমবেশি কমবেশি এবং জিসিআই সিটের ঢাকা পরিমাণ ৩৬০ বর্গফুট কমবেশি এলাকা অবস্থিত মৌজা- কুলটেঘড়ি,জেএল নং ৪, আরএস দাগ নং ১৪৭ (এলআর দাগ নং ১৫২), এলআর খতিয়ান নং ৮১৭, কেশবচক গ্রাম পঞ্চায়েত অধীন, থানা-তারকেশ্বর,জেলা-হুগলি, পব, উল্লেখ্য রেজিস্ট্রিকৃত বিক্রয় দলিল নং ৩৭২২ -২০০৩ তারিখ ২৪.১১.২০০৩ নথিভুক্ত বুক নং ১, ভলুম নং ৬৩, পৃষ্ঠা ৪৯ থেকে ৫৬, রেজিস্ট্রিকৃত এডিএসআর হরিপাল, হুগলি, পব, অনুযায়ী শ্রী সন্দীপ মুখোপাধ্যায় ওরফে গোস্বামী পিতা- প্রয়াত বারিদ বরণ মুখোপাধ্যায় ওরফে গোস্বামীর নামে সমুদয় সম্পত্তি। **সম্পত্তির চৌহদ্দি : উত্তরে :** কালীপদ কোলের সম্পত্তি, **দক্ষিণে :** সাধারণ চলার পথ, **পূর্বে :** অনঙ্গ মুখার্জির সম্পত্তি, **পশ্চিমে :** অনঙ্গ মুখার্জির সম্পত্তি সমন্বিত। | ক) প্রতীকী খ) না গ) ৯,৯৫,০০০ টাকা ঘ) ৯৯,৫০০ টাকা ঙ) ১০,০০০ টাকা চ) IDIB50100845501 ছ) ২০,০৭,৪২৪.০০ টাকা |
| ৫. | মেসার্স সুভাষিনি মুড়ি ফ্যাক্টরি শাখা : শেওরাফুলি | সংশ্লিষ্ট সকল অংশ বাণিজ্যিক শপ (দোকান) পরিমাণ ৫ শতক কমবেশি অবস্থিত মৌজা-নালিকুল, জেএল নং ১৪৭, এলআর দাগ নং ৬০/৬৯৫, এলআর খতিয়ান নং ৭৫৪, নালিকুল পূর্ব গ্রাম পঞ্চায়েত অধীন,বড়গাছিয়া, থানা- হরিপাল,জেলা- হুগলি, রেজিস্ট্রিকৃত এডিএসআর হরিপাল উল্লেখ্য দান দলিল নং ১০৬-২০১১ সালের তারিখ ১১.০১.২০১১, বুক নং ১, সিডি ভলুম নং ১, পৃষ্ঠা ১৪৪৬ থেকে ১৪৭৩, অনুযায়ী শ্রী প্রদীপ দে'র নামে সমুদয় সম্পত্তি। **সম্পত্তির চৌহদ্দি : উত্তরে :** চূড়ামণি দে এর খালি জমি, **দক্ষিণে :** ১২ নং শ্রীরামপুর-তারকেশ্বর রোড, **পূর্বে :** ধর্মশালা, **পশ্চিমে :** চূড়ামণি দে এর সম্পত্তি সমন্বিত। | ক) প্রতীকী খ) না গ) ৪০,০০,০০০ টাকা ঘ) ৪,০০,০০০ টাকা ঙ) ২০,০০০ টাকা চ) IDIB50436489628 ছ) ২৮,৯৯,৫৭৭.০০ টাকা |

ডাকদাতাদের ওয়েবসাইট দেখতে পরামর্শ দেওয়া হচ্ছে **(www.mstcecommerce.com)** আমাদের ই-নিলাম পরিষেবা প্রদায়ক সংস্থা এমএসটিসি লি. এর অনলাইন ডাকে অংশ নেওয়ার জন্য। কারিগরি সহায়তার জন্য অনুগ্রহ করে এমএসটিসি হেল্প ডেস্ক নং ০৩৩-২২৯০১০০৪ এবং অন্যান্য সাহায্যের জন্য পরিষেবা প্রদায়ক সংস্থার হেল্প ডেস্কে ফোন করুন। এমএসটিসি লি. সহিত নথিভুক্তির অবস্থান জানতে এবং ইএমডি'র অবস্থান জানতে অনুগ্রহ করে ibapifin@mstcecommerce.com যোগাযোগ করুন।

সম্পত্তির বিস্তারিত ছবি এবং সম্পত্তির ই-নিলামের নিয়ম এবং শর্তাদি জানতে অনুগ্রহ করে দেখুন **https://ibapi.in** এবং সংশ্লিষ্ট পোর্টালের বিস্তারিত জানতে অনুগ্রহ করে হেল্প লাইন নম্বর "১৮০০১০২৫০২৬" এবং "০১১-৪১১০৬১৩১" যোগাযোগ করুন।

**ডাকদাতাদের পরামর্শ দেওয়া হচ্ছে সম্পত্তির আইডি নম্বর ব্যবহার করতে সংশ্লিষ্ট সম্পত্তি অনুসন্ধানের সময় যা ওয়েবসাইট https://ibapi.in এবং www.mstcecommerce.com তে প্রদত্ত।**

তারিখ : ৩১.১০.২০২৩, স্থান : ব্যান্ডেল | স্বা/- অনুমোদিত অফিসার, ইন্ডিয়ান ব্যাঙ্ক